ISTITVTO SVPERIORE DI SANITÀ

এই প্রকল্পটি স্বাস্থ্য মন্ত্রণালয় - সিসিএম-এর
কারিগরি ও আর্থিক সহায়তায় বাস্তবায়িত হয়েছে।

**আরবি, চীনা, ফরাসি, হিন্দি, ইংরেজি ও স্প্যানিশ ভাষায়** পুস্তিকার **অনুবাদের জন্য**
**আসলা (ASL)** রোমা ১-এর সামিফো (SAMIFO) কেন্দ্রকে **ধন্যবাদ জানানো হচ্ছে।**
**রোমানিয়ান ভাষায় অনুবাদের জন্য**
আর্চি রোমা (ARCI Roma)-কে **ধন্যবাদ জানানো হচ্ছে।**

# স্বেচ্ছায় গর্ভপাত

**per persone straniere in Italia**

এই পুস্তিকাটি ইতালিতে উপলব্ধ প্রধান স্বাস্থ্যসেবাগুলো সম্পর্কে আপনাকে জানতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। এটি পড়লে আপনি জানতে পারবেন এগুলো কী কী সেবা দেয়, কীভাবে কাজ করে এবং আপনি ও আপনার পরিবার কীভাবে এসব সেবা ব্যবহার করতে পারেন।

**আপনি যদি গর্ভবতী হন এবং গর্ভধারণ চালিয়ে যেতে না চান, তাহলে আপনি একটি সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে যোগাযোগ করতে পারেন।** শুধু আপনিই আপনার পরিস্থিতি মূল্যায়ন করতে পারেন এবং স্বেচ্ছায় গর্ভপাত (আইভিজি) করার অনুরোধ করতে পারেন। **আপনার জন্য উপলব্ধ স্বাস্থ্যসেবার মধ্যে পারিবারিক কনসালটোরিও রয়েছে, যেখানে চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়াই যাওয়া যায়।**

**এখানে আপনি ইতালির সব পারিবারিক কনসালটোরির তালিকা পাবেন, যা অঞ্চল ও প্রদেশ অনুযায়ী ভাগ করা আছে।**

আপনার পারমেসো দি সোজ্জর্নো না থাকলেও বা জাতীয় স্বাস্থ্যসেবার অধিকার না থাকলেও **কনসালটোরির সেবাগুলো বিনামূল্যে প্রদান করা হয়।** যদি আপনার স্বাস্থ্যসেবা না থাকে, তাহলে কনসালটোরির কর্মীরা আপনাকে কীভাবে এটি পাওয়া যায় তা বুঝিয়ে দেবেন। আপনি যদি ইতালীয় ভাষা না বলেন, তাহলে কনসালটোরি টেলিফোনে বা সরাসরি উপস্থিত থেকে ভাষাগত মধ্যস্থতা বা অনুবাদের সেবা চালু করতে পারে।

**সব স্বাস্থ্যকর্মীর পেশাগত গোপনীয়তা রক্ষার বাধ্যবাধকতা রয়েছে** এবং আপনি তাদের সঙ্গে যে তথ্য শেয়ার করবেন, তা তারা কারও কাছে প্রকাশ করতে পারবেন না।

## আইভিজি (IVG) প্রক্রিয়ার ধাপসমূহ

**ইতালিতে আইভিজি করার আইনি সময়সীমা হলো তৃতীয় মাস পর্যন্ত**, অর্থাৎ শেষ মাসিকের প্রথম দিন থেকে গণনা করে ১২ সপ্তাহ ৬ দিন বা মোট ৯০ দিন। **৯০ দিনের পরে আইভিজি করা যায় শুধুমাত্র কিছু বিশেষ পরিস্থিতিতে**, যেমন ভ্রূণের গুরুতর বিকৃতি বা মারাত্মক রোগ থাকলে, অথবা এমন শারীরিক অবস্থায় যা নারীর স্বাস্থ্য বা জীবনকে গুরুতর ঝুঁকির মধ্যে ফেলে।

## গর্ভধারণ ৯০ দিনের মধ্যে বন্ধ করা

### স্টেপ ১ আইভিজি (গর্ভসমাপনী) এর জন্য ডকুমেন্ট প্রদান

যদি আপনি গর্ভধারণ বন্ধ করতে চান, তাহলে আপনি একটি কনসুলতোরিওতে, আপনার ফ্যামিলি ডক্টর - এর কাছে, অথবা আপনার বিশ্বাসযোগ্য যে-কোনো চিকিৎসকের কাছে যেতে পারেন। চিকিৎসক আপনার অনুরোধ গ্রহণ করবেন, আপনার অধিকার সম্পর্কে জানাবেন এবং আইভিজি-র সম্ভাব্য বিকল্পগুলো সম্পর্কে তথ্য দেবেন। আলোচনা শেষে তিনি একটি ডকুমেন্ট প্রস্তুত করবেন যা আপনার অনুরোধকে প্রমাণ করে, এবং আপনাকে সেটিতে স্বাক্ষর করতে হবে। যদি চিকিৎসক মনে করেন যে জরুরি কোনো অবস্থা নেই, তাহলে আপনাকে ৭ দিন (চিন্তার সময়) অপেক্ষা করতে হবে প্রক্রিয়াটি শুরু করার আগে। যদি চিকিৎসক মূল্যায়ন করেন যে পরিস্থিতি জরুরি, তাহলে তিনি একটি জরুরি সার্টিফিকেট প্রদান করবেন, যার মাধ্যমে আপনি সরাসরি হাসপাতাল বা অনুমোদিত কেন্দ্রগুলোতে গিয়ে ৭ দিনের অপেক্ষা ছাড়াই গর্ভধারণ বন্ধ করতে পারবেন।

**আপনি যদি নাবালক হন, তাহলে আপনার একজন পিতামাতা/অভিভাবকের সম্মতির প্রয়োজন হবে,** যিনি আপনার সাথে আইভিজি নথিতে স্বাক্ষর করবেন। যদি আপনার বাবা-মা অনুমোদন প্রত্যাখ্যান করেন, অথবা যদি আপনি মনে করেন যে আপনি তাদের জড়িত করতে পারবেন না, তাহলে কাউন্সেলিং সেন্টারের (কনসুলতোরিও) কর্মীরা অনুমোদনের অনুরোধটি কিশোর আদালতে পাঠাবেন, যাকে ৫ দিনের মধ্যে সাড়া দিতে হবে।

!

- আইভিজি করার জন্য ডকুমেন্ট নেওয়ার ক্ষেত্রে **স্বামী বা পার্টনারের সম্মতি লাগবে না।**
- যে স্বাস্থ্যকর্মী আপত্তিকারী, তিনি ডকুমেন্ট দিতে না বলতে পারেন না।
- আইভিজি ডকুমেন্ট দেওয়ার জন্য আলট্রাসাউন্ড (ইকোগ্রাফিয়া) করানো বাধ্যতামূলক নয়।

### স্টেপ ২ প্রক্রিয়ার বুকিং

আপনি আইভিজি করার জন্য সরাসরি সেই হাসপাতাল বা ক্লিনিকের সার্ভিসে বুকিং করতে পারেন যেখানে অপারেশন বা ওষুধের মাধ্যমে আইভিজি করা হয়। কিছু কনসুলতোরিও আপনার জন্য বুকিং করে দেয়—চাইলে ওষুধের মাধ্যমে হোক বা অপারেশন করে হোক—তাদের সংশ্লিষ্ট হাসপাতালে। যদি কনসুলতোরিও বুকিং না করে, তবুও তারা আপনাকে আইভিজি সার্ভিস দেওয়া হাসপাতাল বা ক্লিনিকের তালিকা দিতে হবে, যেখানে আপনি নিজে গিয়ে বুকিং করতে পারেন। কিছু অঞ্চলে ওষুধের মাধ্যমে আইভিজি কনসুলতোরিওতেই করা যায়, হাসপাতালে ভর্তি হওয়ার দরকার হয় না।

!

- প্রক্রিয়ার বুকিং করার জন্য আইভিজি ডকুমেন্ট/সার্টিফিকেট, (চেসেরা সানিতারিয়া ) এবং একটি পরিচয়পত্র দরকার।
- প্রক্রিয়ার বুকিং করতে ফ্যামিলি ডাক্তার বা জেনেরাল মেডিসিন ডাক্তার-এর প্রেসক্রিপশন লাগবে না।

### স্টেপ ৩. প্রথম ভিজিট

প্রথম অ্যাপয়েন্টমেন্টের সময়, যেখানে আইভিজি করা হবে, সেখানে একটি **ইকোগ্রাফি** করা হবে। সাধারণত এটি যোনিপথে সোনদা দিয়ে করা হয়, যাতে গর্ভের বয়স নির্ধারণ করা যায় এবং নিশ্চিত হওয়া যায় যে গর্ভটি জরায়ুর ভিতরে আছে। তারপর ডাক্তার আপনার স্বাস্থ্য সম্পর্কিত সব তথ্য লিখে মেডিকেল ফাইল প্রস্তুত করবেন। আলোচনা শেষে, আপনি চাইলে জন্মনিয়ন্ত্রণের অপশনগুলি নিয়ে কথা বলতে পারেন।

কেউ আপনাকে জোর করে ভ্রূণের হৃদয়ের শব্দ শুনতে বা দেখতে বাধ্য করতে পারে না। যদি কেউ আপনাকে জোর করে এটি করায়, আপনি আইনগত অভিযোগ করতে পারেন (ডেনুনচা করতে পারেন)। তবে আপনার ইকোগ্রাফি দেখার অধিকার আছে।

!

### স্টেপ ৪. প্রক্রিয়া নির্বাচন

**আইভিজি দুটি উপায়ে করা যেতে পারে: ওষুধের মাধ্যমে অথবা অপারেশনের মাধ্যমে।**
ওষুধের মাধ্যমে আইভিজি ৯ সপ্তাহ পর্যন্ত করা যায়। অপারেশনের মাধ্যমে আইভিজি ১২ সপ্তাহ ৬ দিন পর্যন্ত করা যায়, যদিও অনেক সেন্টারে ৭ সপ্তাহের আগে অপারেশন করতে পছন্দ করা হয় না। **যদি কোনো বিশেষ শারীরিক সমস্যা বা নিষেধাজ্ঞা না থাকে, তাহলে ডাক্তার আপনার সঙ্গে আলোচনা করে আপনার জন্য কোন পদ্ধতিটি সবচেয়ে উপযুক্ত হবে তা ঠিক করবেন।**

১. **ওষুধের পদ্ধতি** এই পদ্ধতিতে দুই ধরনের ওষুধ দেওয়া হয়, যেগুলো প্রায় ৪৮ ঘণ্টা ব্যবধানে নেওয়া হয়। ওষুধগুলো গর্ভপাত ঘটায়, ঠিক যেমন স্বাভাবিকভাবে গর্ভপাত হলে হয়। প্রথম ওষুধটি কনসুলতোরিও বা হাসপাতালে দেওয়া হয়। দ্বিতীয় ওষুধটি কনসুলতোরিওতে নেওয়া যায়, অথবা হাসপাতালে ৩–৪ ঘণ্টা থাকলে নেওয়া যায়। কিছু অঞ্চলে দ্বিতীয় ওষুধটি বাড়িতেও নেওয়া সম্ভব। গর্ভপাত সম্পূর্ণ হয়েছে কি না তা নিশ্চিত করতে দুই সপ্তাহ পরে একটি চেক-আপ করা জরুরি।

স্বাস্থ্যকর্মীরা প্রয়োজনে খাওয়ার জন্য ব্যথানাশক ওষুধ দিতে বা প্রেসক্রাইব করতে হবে।

!

**২. অপারেশন পদ্ধতি**
এই পদ্ধতিতে জরায়ুর মুখ একটু প্রসারিত করা হয় এবং গর্ভের টিস্যু বের করতে অ্যাসপিরেশন করা হয়। অপারেশনের আগে রক্ত পরীক্ষা এবং ইসিজি করতে হতে পারে। অপারেশনটি *ডে-হসপিটাল*-এ করা হয়, এবং সাধারণত অপারেশনের প্রায় দুই ঘণ্টা পরে বাড়ি ফিরে যাওয়া যায়। অপারেশন শেষ হওয়ার পর, গর্ভনিরোধের জন্য স্পাইরাল বা ত্বকের

## ৯০ দিনের পরে গর্ভপাত

৯০ দিনের পরে, অর্থাৎ ১৩তম সপ্তাহ থেকে, আইভিজি শুধুমাত্র তখনই করা যায় যখন আপনার স্বাস্থ্য বা জীবন গুরুতর ঝুঁকিতে থাকে, অথবা ভ্রূণে এমন কোনো অস্বাভাবিকতা বা রোগ ধরা পড়ে যা আপনার স্বাস্থ্যের ওপর গুরুতর প্রভাব ফেলতে পারে।

যদি আপনি ভ্রূণের রোগ নির্ণয়ের জন্য কোনো প্রি-নেটাল পরীক্ষা করে থাকেন, অথবা আল্ট্রাসাউন্ড পরীক্ষায় ভ্রূণের কোনো ত্রুটি দেখা যায়, তাহলে যে কেন্দ্র পরীক্ষা করেছে তারা বাধ্য আপনাকে জানাতে যে কোথায় আইভিজি করা সম্ভব।
যদি আপনি এই তথ্য না পান, তাহলে আপনি কনসালটোরিওতে যেতে পারেন, যেখানে তারা আপনাকে সব প্রয়োজনীয় তথ্য দেবে।

**দ্বিতীয় ত্রৈমাসিকের আইভিজি ১৪তম থেকে ১৬তম সপ্তাহের মধ্যে অপারেশনের মাধ্যমে করা যেতে পারে, অথবা ওষুধের মাধ্যমে করা যেতে পারে।**
যে কেন্দ্রে আইভিজি করা হবে, সেই কেন্দ্রের ডাক্তার প্রয়োজন হলে আরও অধিক কিছু পরীক্ষা করতে বলতে পারেন।

**এখানে আপনি গর্ভনিরোধ, স্বাস্থ্যসেবা এবং আপনার অধিকার সম্পর্কে বিভিন্ন ভাষায় আরও তথ্য পাবেন।**

Gruppo Salute
Donne SIMM

Istituto Superiore
di Sanità